# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১১. ৩. দাউদের উলঙ্গতা

দাউদ তাঁর দাসদাসীদের সামনে প্রকাশ্যে বিবস্ত্র হন। তাঁর স্ত্রী মীখল তার প্রতিবাদ করলে দাউদ ক্রুদ্ধ হয়ে আরো নিচে নামার সিদ্ধান্ত জানান ও বাহ্যত ঈশ্বরও দাউদেরই পক্ষে গেলেন, এ প্রতিবাদের কারণে স্ত্রী চিরতরে বন্ধ্যা হয়ে যান:

“পরে দাউদ নিজে পরিজনদের দোয়া করার জন্য ফিরে আসলেন; তখন তালুতের কন্যা মীখল দাউদের সঙ্গে সাক্ষাত করতে বাইরে এসে বললেন, আজ ইসরাইলের বাদশাহ্ কেমন সমাদৃত হলেন; কোন অসারচিত্ত লোক যেমন প্রকাশ্যভাবে বিবস্ত্র হয়, তেমনি তিনি আজ নিজের ভৃত্যদের বাঁদীদের সম্মুখে বিবস্ত্র হলেন। তখন দাউদ মীখলকে বললেন, মাবুদের লোকদের উপরে, ইসরাইলের উপরে নেতৃত্বপদে আমাকে নিযুক্ত করার জন্য যিনি তোমার পিতা ও তাঁর সমস্ত কুলের পরিবর্তে আমাকে মনোনীত করেছেন, সেই মাবুদের সাক্ষাতেই তা করেছি; অতএব আমি মাবুদের সাক্ষাতেই আমোদ করবো। আর এর চাইতে আরও লঘু হব এবং আমার নিজের দৃষ্টিতে আরও নিচু হব; কিন্তু তুমি যে বাঁদীদের কথা বললে, তাদের কাছে সমাদৃত হবো। আর তালুতের কন্যা মীখলের মরণকাল পর্যন্ত সন্তান হল না।” (২ শামুয়েল ৬/২০-২৩. মো.-১৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14333

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন